এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড : | ১ | ৪ | ০ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট　　　সৃজনশীল প্রশ্ন　　　পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ জনাব আশীষ শ্রেণিকক্ষে ক্লাস পরিচালনার সময় শিক্ষার্থীদের কাছে জানতে চাইলেন, দালান বানাতে কী কী উপকরণ লাগে? শিক্ষার্থীরা উত্তর দিল ইট, বালি, রড, সিমেন্ট ইত্যাদি। পরে তিনি আবার জিজ্ঞাসা করলেন, আমরা যে রাষ্ট্রে বাস করি, তা সৃষ্টিতে কী কী উপাদান লাগে? এতে শিক্ষার্থীরা খুবই কৌতূহলী হলো।

ক. রাষ্ট্র কী ধরনের প্রতিষ্ঠান? ১

খ. নির্দিষ্ট ভূ-খণ্ড বলতে কী বোঝায়? ২

গ. জনাব আশীষ দালান নির্মাণের উপাদানের সাথে কিসের তুলনা করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আশীষ মূলত কিসের উপাদান সম্পর্কে জানতে চেয়েছেন তোমার মতামতসহ লেখ। ৪

**২.** ▶ বাংলাদেশের সংবিধান একটি লিখিত দলিল। দুষ্পরিবর্তনীয় এ সংবিধানের রাষ্ট্র পরিচালনার মূলনীতি। নাগরিকদের মৌলিক অধিকারের কথা উল্লেখ আছে। সংসদীয় পদ্ধতির সরকার, এককক্ষ বিশিষ্ট আইনসভা। বিচার বিভাগের স্বাধীনতা প্রভৃতি বাংলাদেশ সংবিধানের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য।

ক. বাংলাদেশ সংবিধানের কতটি অনুচ্ছেদ রয়েছে? ১

খ. বাংলাদেশ সংবিধান কিভাবে সংশোধন করা যায়? ২

গ. সংবিধানে উল্লেখিত মূলনীতিগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর বাংলাদেশ সংবিধান একটি উত্তম সংবিধান? যুক্তি দাও। ৪

**৩.** ▶ তূর্ণার দাদা একজন শিল্পপতি এবং প্রবীণ রাজনীতিবিদ। তিনি একদিন তার নাতি নাতনিদেরকে গল্পের সময় পাকিস্তান রাষ্ট্র গঠনের প্রেক্ষাপট তুলে ধরেন। আলোচনাকালে তিনি বলেন, পণ্ডিত নেহরু ও মি. জিন্নাহের পরস্পর বিরোধী মনোভাবের প্রেক্ষিতে মুসলিম লীগের এক সম্মেলনে ধর্মীয় জাতিয়তাবাদের ভিত্তিতে আলাদা মুসলিম রাষ্ট্র গঠনের একটি প্রস্তাব গৃহীত হয়। যা বিশ্লেষণ করলে স্বাধীন বাংলাদেশের ইঙ্গিত পাওয়া যায়।

ক. লাহোর প্রস্তারেব উপস্থাপক কে? ১

খ. দ্বি-জাতি তত্ত্ব বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে যে প্রস্তাবের প্রতি ইঙ্গিত করা হয়েছে তার মূল্য বক্তব্য উল্লেখ কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত প্রস্তাবের মধ্যে 'স্বাধীন বাংলাদেশের বীজ লুকায়িত ছিল' যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৪. ▶ মুনির এলাকার প্রভাবশালী দুষ্ট প্রকৃতির লোক প্রয়োগে সে গ্রামের নিরীহ কৃষক হালিমের পুকুরের মাছ মেরে ফেলে। হালিম আইন প্রয়োগকারী সংস্থার কাছে গিয়ে এর প্রতিকার চায়, কিন্তু সে কোনো প্রতিকার পায়নি বরং জেল জুলুমের শিকার হয়।

ক. আইনের সবচেয়ে গ্রহণযোগ্য সংজ্ঞা দেন কে? ১

খ. রাজনৈতিক স্বাধীনতা কি? ব্যাখ্যা কর। ২

গ. হালিম কোন অধিকার থেকে বঞ্চিত ব্যাখ্যা কর। ৩

ঘ. আইনের শাসনের অভাবেই হালিমের মতো সাধারণ মানুষের এ পরিণতি- উক্তিটি মূল্যায়ন কর। ৪

৫. ▶ তৌহিদ ও পিয়াল সচেতন নাগরিক। একদিন রাষ্ট্র ব্যবস্থা সম্পর্কে মত বিনিময়কালে তৌহিদ বলে, পৃথিবীতে এমন রাষ্ট্র দেখা যায় যে তার জনগণের জন্য কম মূল্যে খাদ্য সরবরাহ করে। লেখাপড়ার ও চিকিৎসার সু-ব্যবস্থা করে। শ্রমিকের মজুরি নির্ধারণ করে। বেকারভাতা প্রদান, পুনর্বাসনসহ নানাবিধ কাজ করে। আবার ব্যয় মেটানোর জন্য কর আদায় করে। পিয়াল ও এ ব্যাপারে ঐক্যমত পোষণ করে এবং এ ধরনের রাষ্ট্রব্যবস্থা মঙ্গলজনক মনে করে।

ক. কল্যাণমূলক রাষ্ট্র বলতে কি বোঝ? ১

খ. কল্যাণমূলক রাষ্ট্র জনকল্যাণে কি কি ব্যবস্থা গ্রহণ করে? ২

গ. স্কুল-কলেজ, হাসপাতাল স্থাপন, বেকারভাতা প্রদান একটি রাষ্ট্রের কোন ধরনের কাজ-ব্যাখ্যা কর। ৩

ঘ. কল্যাণমূলক রাষ্ট্রের বৈশিষ্ট্য আলোচনা কর এবং বাংলাদেশ কি ধরনের রাষ্ট্র বলে তুমি মনে কর বুঝিয়ে দাও। ৪

৬. ▶ নির্বাচন কমিশন কর্তৃক আয়োজিত 'নির্বাচনপূর্ব কৌশল গ্রহণ' শীর্ষক এক সেমিনারে বিভিন্ন শ্রেণিপেশার বিশেষ করে রাষ্ট্রবিজ্ঞানী, রাজনীতিবিদ ও সুশীল সমাজের সদস্যরা নির্বাচনে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে বক্তব্য রাখেন। উক্ত সেমিনারে বক্তাগণ নির্বাচনে নির্বাচকমণ্ডলীর ভূমিকা ও নির্বাচন কমিশনের করণীয় নিয়ে ব্যাপক আলোচনা করেন।

ক. নির্বাচকমণ্ডলী কি? ১

খ. নির্বাচন কয় প্রকার হতে পারে? ব্যাখ্যা কর। ২

গ. অনুচ্ছেদে বর্ণিত নির্বাচকমণ্ডলীর ভূমিকা কি হতে পারে? উল্লেখ কর। ৩

ঘ. সুষ্ঠু ও অবাধ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনের ভূমিকা অপরিসীম- বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৭. ▶ পাইন্দং ইউনিয়নের নব নির্বাচিত চেয়ারম্যান স্বপন সাহেব তার এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজে নিজেকে নিয়োজিত রাখেন। কেন্দ্রীয় সরকারের সাথে ইউনিয়ন পরিষদের সুসম্পর্ক বজায় রাখার ক্ষেত্রে তিনি সবসময় দায়িত্ববান থাকেন। তবে নাগরিক কল্যাণে ইউনিয়ন পরিষদের সীমাবদ্ধতা তাকে বিভিন্ন দায়িত্ব পালনে বাধাগ্রস্ত করে।

ক. কতজন সদস্য নিয়ে ইউনিয়ন পরিষদ গঠিত হয়? ১

খ. কিভাবে ইউনিয়ন পরিষদ গঠিত হয়? ২

গ. চেয়ারম্যান হিসেবে স্বপন সাহেবের নাগরিক কল্যাণে ইউনিয়ন পরিষদের দায়িত্বে পরিধি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে কেন্দ্রীয় সরকারের সাথে ইউনিয়ন পরিষদের সম্পর্ক নিরূপণ কর। ৪

৮. ▶ খুলনা মিলিটারি কলেজিয়েট স্কুলের ৯ম শ্রেণির ছাত্ররা শিক্ষা সফরের উদ্দেশ্যে রাঙামাটি যাওয়ার সময় প্রকৃতির অপরূপ দৃশ্য দেখে মুগ্ধ হয়। পাহাড়িয়া অঞ্চলের গাছপালা, পাখির ডাক সবকিছু, যেন প্রকৃতির কোমল হাতে তৈরি। কিন্তু ফেরার পথে তাদের চোখে পড়ল কিছু স্বার্থান্বেষী লোকজন পাহাড় কেটে মাটি নিয়ে যাচ্ছে, বন থেকে অপরিকল্পিতভাবে গাছপালা কেটে ফেলা হচ্ছে। এতে তারা মর্মাহত হলো। অয়ন নামের এক ছাত্র বলে উঠল পরিবেশের এ বিপর্যয়ের জন্য যেমনি আমরা দায়ী তেমনি আমরাই পারি তা রক্ষা করতে।

Teachingbd.com


ক. পরিবেশ কী? ১

খ. পরিবেশগত দুর্যোগ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে কোন ধরনের পরিবেশের বিপর্যয়ের চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. অয়নের উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৯. ▶ নিচের ছকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. জাতিসংঘ কোন ধরনের সংস্থা? ১

খ. আন্তর্জাতিক আদালত কেন প্রতিষ্ঠা করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত নিরাপত্তা পরিষদের গঠন ও কার্যাবলি উল্লেখ কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত 'সংস্থাটির সাথে বাংলাদেশের সম্পর্ক নিবিড়' উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

# পৌরনীতি ও নাগরিকতা : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০

বিষয় কোড : ১ ৪ ০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. কোনটিকে রাষ্ট্রের প্রতিচ্ছবি বলে?**
ক) সরকার খ) সংবিধান
গ) জনগণ ঘ) জনপ্রশাসন

**২. পরিবারের জৈবিক কাজ কোনটি?**
ক) উৎপাদন বণ্টন খ) ধর্মীয় শিক্ষাদান
গ) সন্তান লালন-পালন
ঘ) চিত্তবিনোদনের ব্যবস্থা করা

**৩. রাষ্ট্রের প্রাণশক্তি কোনটি?**
ক) সার্বভৌমত্ব খ) সরকার
গ) নির্দিষ্ট ভূখণ্ড ঘ) জনসমষ্টি

**৪. সংসদীয় সরকারের ত্রুটি হলো—**
i. স্থিতিশীলতার অভাব ii. ক্ষমতার অবিভাজন
iii. সিদ্ধান্ত গ্রহণের বিলম্ব
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৫. নাগরিকত্বের বৈশিষ্ট্য কোনটি?**
ক) রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রদর্শন
খ) রাষ্ট্রের প্রতি কর্তব্য পালন থেকে বিরত থাকা
গ) সামাজিক ও রাজনৈতিক অধিকার উপভোগ না করা
ঘ) দেশ রক্ষার কাজে নিয়োজিত না থাকা

**৬. বাংলাদেশের আইনসভা কত কক্ষবিশিষ্ট?**
ক) এক কক্ষবিশিষ্ট খ) দু কক্ষবিশিষ্ট
গ) তিন কক্ষবিশিষ্ট ঘ) চার কক্ষবিশিষ্ট

**৭. 'এক দেশ, এক জাতি, এক নেতা'— এটি কোন সরকারের আদর্শ?**
ক) একনায়কতন্ত্রের খ) গণতন্ত্রের
গ) রাজতন্ত্রের ঘ) প্রজাতন্ত্রের

**৮. নাগরিক স্বাধীনতার উল্লেখযোগ্য রক্ষাকবচ কী?**
ক) আইনের অনুশাসন খ) ক্ষমতা স্বতন্ত্রীকরণ
গ) দায়িত্বশীল শাসনব্যবস্থা
ঘ) বিচার বিভাগের স্বাধীনতা

**নিচের উদ্দীপকটি পড়ো ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:**
ইভান ও নাশিদ দু বন্ধু একদিন প্রতিবেশীর গাছ থেকে পেয়ারা পাড়তে গিয়ে ধরা পড়ে যায়। বাড়িওয়ালা দুজনকে থানায় সোপর্দ করেন। ইভানের বাবা প্রভাবশালী হওয়ায় তিনি তাকে থানা থেকে ছাড়িয়ে নেন। নাশিদের বাবা-মা দরিদ্র হওয়ায় অনেক মিনতি করেও ছেলেকে ছাড়াতে পারেননি।

**৯. ইভানের ক্ষেত্রে আইনের অনুশাসনের যে দিকটি প্রয়োগ হয়নি—**
ক) আইনের একাগ্রতা
খ) আইনের দৃষ্টিতে সাম্যতা
গ) আইনের পক্ষপাতিত্বতা
ঘ) আইনের ধারাবাহিকতা

**১০. উক্ত দিকটি সমাজে প্রতিষ্ঠিত হলে, আইনের দৃষ্টিতে—**
i. সকলেই সমান হবে
ii. সবার জন্য সমান আইন থাকবে
iii. কেউ বাড়তি সুবিধা পাবে না
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) i ও ii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১১. পৌরনীতির ইংরেজি প্রতিশব্দ কোনটি?**
ক) Civis খ) Civitas গ) Civics ঘ) Civies

**১২. গণতন্ত্রের বাহন কোনটি?**
ক) আইনের শাসন খ) অর্থনৈতিক শাসন
গ) পরম সহিষ্ণুতা ঘ) নির্বাচন

**১৩. 'আইনের নিয়ন্ত্রণ আছে বিধায় স্বাধীনতা রক্ষা পায়'— উক্তিটি কার?**
ক) জন লকের খ) উইলোবির
গ) এরিস্টটলের ঘ) প্লেটোর

**১৪. কোনটি কল্যাণমূলক রাষ্ট্রের বৈশিষ্ট্য?**
ক) স্বাস্থ্যসংরক্ষণ খ) জীবনযাত্রার মান নিয়ন্ত্রণ
গ) দেশরক্ষা ঘ) রাজনৈতিক অস্থিরতা

**১৫. নৈতিক অধিকারের উৎস হলো—**
i. রাষ্ট্র ii. মানুষের বিচার বুদ্ধি
iii. ন্যায়বোধ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৬. 'গণতন্ত্র হলো জনগণের, জনগণের দ্বারা এবং জনগণের কল্যাণার্থে পরিচালিত শাসনব্যবস্থা।'— এ উক্তিটি কার?**
ক) আব্রাহাম লিংকনের খ) অধ্যাপক ডাইসির
গ) অধ্যাপক ম্যাকাইভারের ঘ) অধ্যাপক লাস্কির

**১৭. ইংল্যান্ডে কে ম্যাগনাকার্টা নামে অধিকার সনদ দান করেন?**
ক) রাজা জন খ) ভিক্টোরিয়া
গ) দ্বিতীয় এলিজাবেথ ঘ) টনি ব্লেয়ার

**১৮. কর্তব্য ও দায়িত্ব থেকে নিজেকে দূরে রাখলে কী সৃষ্টি হয়?**
ক) উদাসীনতা খ) স্বার্থপরতা
গ) দাম্ভিকতা ঘ) অজ্ঞতা

**নিচের উদ্দীপকটি পড়ো ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**
শিমুলদের দেশের সংবিধানে এ পর্যন্ত ১৫ বার সংশোধনী আনা হয়েছে। রাষ্ট্রপতি নির্বাচন, সীমান্তব্যক্তি, তত্ত্বাবধায়ক সরকার, সংসদে সংরক্ষিত মহিলা আসন, যুদ্ধাপরাধীদের বিচারসহ বিভিন্ন ধরনের সংশোধনী আনা হয়। এখানে একটি বিষয়ে একাধিকবার ও সংশোধনী আনা হয়েছে।

**১৯. শিমুলদের দেশের কোন বিষয়ে একাধিকবার সংশোধনী আনা হয়েছে?**
ক) রাষ্ট্রপতি পদে কোনো ব্যক্তি দু মেয়াদের অধিক অধিষ্ঠিত না হতে পারায় নিয়ম
খ) তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা
গ) জাতীয় সংসদে মহিলাদের জন্য সংরক্ষিত মহিলা আসন না থাকা
ঘ) একনায়কতন্ত্র

Teachingbd.com

২০. শিমুলদের দেশের সংবিধানের পঞ্চদশ সংশোধনীতে–
i. তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বিলুপ্তকরণ
ii. রাষ্ট্রধর্ম ইসলাম করার পাশাপাশি সকল ধর্মচর্চার স্বাধীনতা নিশ্চিত করা হয়
iii. জাতীয় সংসদে মহিলাদের জন্য ৫০টি আসন সংরক্ষণের ব্যবস্থা করা হয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২১. পার্বত্য চট্টগ্রামে জেলার সংখ্যা কত?
ⓚ ২টি ⓛ ৫টি ⓜ ৩টি ⓝ ৪টি

২২. জেলার মূল স্তম্ভ কাকে বলা হয়?
ⓚ বিভাগীয় কমিশনারকে ⓛ জেলা প্রশাসককে
ⓜ সিটি মেয়রকে ⓝ প্রধানমন্ত্রীকে

২৩. VGF এর পূর্ণরূপ কী?
ⓚ Vulnerable Group of Feding
ⓛ Vulnerable Group Feeding
ⓜ Vulnerable Group of Feeding
ⓝ Vulnerable Group Feeding

২৪. উগান্ডা কোন মহাদেশে অবস্থিত?
ⓚ এশিয়া ⓛ আফ্রিকা ⓜ ইউরোপ ⓝ ওশেনিয়া

২৫. বিরোধী দল কীভাবে সরকারকে নিয়ন্ত্রণ করে?
ⓚ কর্মসূচি প্রণয়ন করে
ⓛ সরকারের কাজে সহযোগিতা করে
ⓜ গঠনমূলক সমালোচনা করে
ⓝ প্রার্থী মনোনয়ন করে

২৬. বাংলাদেশের মানুষ অনগ্রসর হওয়ার কারণ–
i. বেকারত্ব ii. জনসংখ্যাধিক্য
iii. নিরক্ষরতা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৭. নিচের কোনটি জাতীয় পর্যায়ের নির্বাচন?
ⓚ ইউনিয়ন পরিষদ নির্বাচন
ⓛ পৌরসভা নির্বাচন ⓜ জেলা পরিষদ নির্বাচন
ⓝ সংসদ নির্বাচন

২৮. জাতিসংঘ কত সালে প্রতিষ্ঠিত হয়?
ⓚ ১৯৪২ সালের ২৫শে অক্টোবর
ⓛ ১৯৪৪ সালের ২৪শে অক্টোবর
ⓜ ১৯৪৫ সালের ২৫শে অক্টোবর
ⓝ ১৯৪৫ সালের ২৪শে অক্টোবর

**নিচের উদ্দীপকটি পড়ো ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:**
সুমন ভৌমিক রাঙ্গামাটি জেলা পরিষদের একজন নির্বাচিত সাধারণ সদস্য। বাংলাদেশের অপরাপর পরিষদগুলোর বেশিরভাগ পরিষদের কার্যকাল পাঁচ বছরের জন্য হলেও তার পরিষদের কার্যকাল তিন বছর। পরিষদের সকল সভায় চেয়ারম্যান সভাপতিত্ব করেন।

২৯. সুমন ভৌমিকের পরিষদের সচিব হিসেবে কাজ করেন কে?
ⓚ জেলা সদর সংসদ ⓛ জেলা প্রশাসক
ⓜ সরকার নিযুক্ত কর্মকর্তা
ⓝ জেলা পরিষদের সিনিয়র সদস্য

৩০. তার পরিষদের গঠন হচ্ছে–
i. একজন নির্বাচিত চেয়ারম্যান
ii. বিশজন উপজাতীয় নির্বাচিত সদস্য
iii. দশজন অ-উপজাতীয় নির্বাচিত সদস্য
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

৩১. সরকারের মূল বিভাগ কয়টি?
ⓚ ৩টি ⓛ ৪টি ⓜ ৫টি ⓝ ৬টি

৩২. স্থানীয় সরকারের প্রধান লক্ষ্য হলো–
i. সুশাসন প্রতিষ্ঠা ii. সু সরকার প্রতিষ্ঠা
iii. নির্বাচনের ব্যবস্থা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓛ i ও ii ⓜ i ও iii ⓝ i, ii ও iii

৩৩. স্থানীয় সরকারের ক্ষেত্রে কোনটি যুগান্তকারী ঘটনা?
ⓚ বি-ক্যাশ চালু ⓛ ই-মেইল চালু
ⓜ ই-কমার্স চালু ⓝ ই-গভর্ন্যান্স চালু

৩৪. স্থানীয় সরকারের সর্বনিম্নের স্তর কোনটি?
ⓚ পৌরসভা ⓛ সিটি কর্পোরেশন
ⓜ জাতীয় সংসদ ⓝ ইউনিয়ন

৩৫. বাংলাদেশে উচ্চহারে জনসংখ্যা বৃদ্ধির সামাজিক কারণ কোনটি?
ⓚ দারিদ্র্য
ⓛ বৃদ্ধ বয়সে নিরাপত্তার প্রত্যাশা
ⓜ শিশু মৃত্যুর উচ্চহার ⓝ বাল্যবিবাহ

৩৬. বাংলাদেশের আইনসভার গুরুত্বপূর্ণ কাজ–
i. আইন প্রণয়ন করা ii. আইন প্রতিষ্ঠা করা
iii. আইন অমান্যকারীকে শাস্তি দেওয়া
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓛ ii ⓜ ii ও iii ⓝ i ও iii

৩৭. বাংলাদেশের রাজনৈতিক দলগুলো জনস্বার্থবিরোধী সামরিক সরকারকে হটিয়ে গণতান্ত্রিক শাসন প্রতিষ্ঠা করে–
ⓚ ১৯৮০ সালে ⓛ ১৯৮৭ সালে
ⓜ ১৯৯০ সালে ⓝ ১৯৯৩ সালে

**নিচের উদ্দীপকটি পড়ো ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও:**
তুরস্ক রক্ষার প্রতিশ্রুতি দিয়ে ভারত উপমহাদেশের মুসলমানদের সাহায্য নিয়ে দ্বিতীয় বিশ্বযুদ্ধে ব্রিটেন জয়লাভ করলেও প্রতিশ্রুতি রক্ষা করেনি। ১৯৬৯ সালের ২১ আগস্ট ইসরাইল জেরুজালেমের মসজিদুল আল আকসায় অগ্নিসংযোগ করে। এর তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় সমগ্র মুসলিম বিশ্ব ক্ষোভ ও নিন্দা প্রকাশ করে।

৩৮. উদ্দীপকের প্রেক্ষাপটটি কোন আন্তর্জাতিক সংস্থার জন্ম দিয়েছে?
ⓚ আসিয়ান ⓛ সার্ক
ⓜ ওআইসি ⓝ জাতিসংঘ

৩৯. উক্ত সংস্থার ভিত্তি ও মূল্যবোধ হচ্ছে–
i. ভ্রাতৃত্ব, ঐক্য এবং সৌহার্দ্য
ii. নৈতিক, সামাজিক ও অর্থনৈতিক
iii. শিক্ষা, ঐক্য ও প্রগতি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

৪০. রাজনৈতিক দলের গণসংযোগের মাধ্যম হলো–
i. সভা ii. শোভাযাত্রা iii. বক্তৃতা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ i, ii ও iii ⓝ iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তরমালা | ১ | খ | ২ | গ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ক | ৭ | ক | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | গ | ১৬ | ক |
| | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | গ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ঘ | ৩১ | ক | ৩২ | ক |
| | ৩৩ | ঘ | ৩৪ | ঘ | ৩৫ | ঘ | ৩৬ | ক | ৩৭ | গ | ৩৮ | গ | ৩৯ | খ | ৪০ | গ | | | | | | | | | | | | | | | | |

http://teachingbd.com